ফাস্ট ক্যাপিট্যাল অব বাংলাদেশ (এফসিবি) সেমি ফাইনালে!

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর দ্বিতীয় রাউন্ডের প্রথম দিনের খেলায় ট্রাইবেকারে রামদেবপুর ফ্রেন্ডস ক্লাবকে হারিয়ে সেমি ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছেন ফাস্ট ক্যাপিটাল অব বাংলাদেশ (এফসিবি)।

আজ মঙ্গলবার বিকালে উত্তেজনাপূর্ণ খেলাটিতে উভয় দলের কেউ কোনো গোল করতে না পারায় শেষ পর্যন্ত খেলাটি ট্রাইবেকারে গড়াই। তবে উত্তেজনাপূর্ণ ম্যাচটিতে উভয় দলই কয়েকটি করে গোল করার সূবর্ণ সুযোগ হারায়।

খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে নির্বাচিত হন এফসিবি’র ফরোয়ার্ড শামীম আহমেদ। তাকে টুর্নামেন্টের পক্ষ থেকে ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত করা হয়। এদিকে ট্রাইবেকারে দুটি গোল সেভ করার জন্য এফসিবি’র গোল কিপার ফয়সালকে লালন শাহ বালি ভান্ডারের পক্ষ থেকে একটি টি শার্ট উপহার দেওয়া হয়।

শামীমের হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের পরিচালনা কমিটির উপদেষ্টা প্রবীন খেলোয়াড় ও জনতা ব্যাংকের অবসরপ্রাপ্ত এজিএম আব্দুস সামাদ ও মেহেরপুর সরকারি কলেজের অবসরপ্রাপ্ত ক্রীড়া শিক্ষক রমজান আলী, এসময় সদস্য সচিব মাহাবুব চান্দু ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন উপস্থিত ছিলেন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের টুর্নামেন্টের আহবায়ক, সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, খেলা পরিচালনা কমিটির নির্বাহী সদস্য, সেলিম রেজা, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামীম জাহাঙ্গীর সেন্টু, মাহাবুব হাসান ডালিম।

রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন গাংনীর আব্বাছ উদ্দীন। তাকে সহযোগীতা করেন গাংনীর মাহাবুব রহমান ও মুজিবনগরের সোহেল রানা। চতুর্থ রেফারি হিসেবে ছিলেন টুটুল আহমেদ। খেলার ধারাভাষ্যে ছিলেন আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন।

উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার হাজারো ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আগামীকাল ১৪ জুন, দ্বিতীয় রাউন্ডের ২য় খেলা মোনাখালি ইউনিয়ন একাদশ বনাম শালিকা ট্রাইগার ক্লাব। সময়: বিকাল ৪ টা।

খেলাটি একযোগে রাজধানী টিভি, রেডিও পায়রা, মেহেরপুর প্রতিদিনের ফেসবুক থেকে সরাসরি লাইভ দেখানো হবে।

গাংনীতে বাজার সংযোগ কর্মশালা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে মৎস্য চাষিদের সমৃদ্ধি, সৎস্য চাষ সম্প্রসারণ ও বাজার উন্নয়নে বাজার সংযোগ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাত এর আওতায় পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি এ কর্মশালার আয়োজন করেন।

আজ মঙ্গলবার সকাল ১১ টার সময় পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বাজার সংযোগ কর্মশালায় উপস্থিত ছিলেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের ডেপুটি ম্যানেজার মোঃ আলাউদ্দিন আহমেদ।

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির পরিচালক মোহাঃ কামরুজ্জামানের সঞ্চালনায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা মৎস্য কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান,সদর উপজেলা মৎস্য কর্মকর্তা গোলাম ছারোয়ার,গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা খন্দকার সহিদুর রহমান। কর্মশালায় বিভিন্ন প্রদর্শনী ও সংস্থার কার্যক্রম সংক্রান্ত প্রামান্য চিত্র তুলে ধরেন পলাশী পাড়া সমাজ কল্যাণ সমিতির মৎস্য কর্মকর্তা মোঃ স্ঈাদ উর রহমান। গাংনী উপজেলার বিভিন্ন এলাকার মৎস্যচাষি,মৎস্য ব্যবসায়ী জেলে ও ফিড ব্যবসায়ীগন ও পিএসকেএসএর বিভিন্ন ইউনিট প্রধান ও গণমাধ্যম কর্মি উপস্থিত ছিলেন। উন্মুক্ত আলোচনায় গাংনীতে হ্যচারি স্থাপন,মৎস্য বিক্রয়কেন্দ্র স্থাপন ও

মাছ মোটাতাজা করনে বিভিন্ন আলোচনা গৃহিত হয়।

গাংনীতে হত্যা মামলায় একজনের যাবজ্জীবন কারাদণ্ড

গাংনী উপজেলার কাজীপুর গ্রামে আপন চাচা শশুর কাজিম উদ্দীন হত্যার অভিযোগ শরিফুল ইসলাম নামের (জামাতা)
এক ব্যক্তিকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড, ২০ হাজার টাকা জরিমানা আনাদায়ে আরো ১ বছরের কারাদণ্ডাদেশ দিয়েছেন।
আজ মঙ্গলবার (১৩ জুন) বিকালে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মোঃ শহিদুল্লাহ্ এ রায় দেন।
সাজাপ্রাপ্ত শরিফুল ইসলাম কাজীপুর মাঠপাড়া গ্রামের রোমজিতের ছেলে।

মামলার বিবরণে জানা গেছে ২০১৩ সালের ২৬ মে সন্ধ্যার দিকে কাজীপুর মাঠ পাড়ার কাজিম উদ্দীন একই এলাকার নাজিমুদ্দিনের চায়ের দোকানে বসে চা পান করছিলেন। চা পান করার পর বিল দেয়াকে কেন্দ্র করে প্রথমে কথা কাটাকাটি শুরু হয়। কথা কাটাকাটির এক পর্যায়ে শফিকুল কাজিমুদ্দিনের পুরুষাঙ্গ চেপে ধরে। এ সময় তার সহযোগীরা তাকে কিল ঘুষি মারতে থাকে। ঘটনাস্থলে কাজিমুদ্দীনের মৃত্যু হয়। এ ঘটনায় নিহত কাজিমুদ্দিনের পুত্র আবু সাঈদ বাদী হয়ে গাংনী থানায় ৩০২/৩৪ ধারায় রোমজিতে ছেলে শরিফুল, মওলা বকসের ছেলে রোমজিতে, খোকা দফাদারের ছেলে নাজিম, এলাহি বক্সের ছেলে মজনু, মজনুর ছেলে মনির, নাজিরের ছেলে জিয়া, মাওলা বক্সের ছেলে পচু, নাজিমুদ্দিনের মেয়ে মঞ্জু, মিনা, এবং তার স্ত্রী মহিমাকে আসামি করে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং ২৮। জি আর কেস নং৩১২/২০১৩। সেসন মামলা নং ১৫০/২০১৫।

পরে মামলা তদন্তকারী কর্মকর্তা এসআই আনোয়ার হোসেন মামলার প্রাথমিক তদন্ত শেষে শরিফুল, মন্জু বেগম, মিনা, মহিমা, রমোজিত, নাজিম উদ্দিনের বিরুদ্ধে আদালতে চার্জ দাখিল করেন। মামলায় মোট ৯ জন সাক্ষী তাদের সাক্ষ্য প্রদান করেন। এতে মামলার এক নম্বর আসামি

শরিফুল ইসলামের বিরুদ্ধে আনীত অভিযোগ ৩০৪ ধারার প্রথম অংশে প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালত শরিফুল ইসলামেক যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড, ২০ হাজার টাকা জরিমানা।
আনাদায়ে আরো ১ বছরের কারাদণ্ডাদেশ দেন।

মামলার অপর আসামি মঞ্জু বেগম, মিনা, মহিমা, রমোজিত এবং নাজিমের বিরুদ্ধে অনিত অভিযোগ প্রমাণিত না হওয়ায় বিজ্ঞ আদালত তাদের বেকসুর খালাস দেন। মামলায় রাষ্ট্রপক্ষে পিপি পল্লব ভট্টাচার্য। এবং আসামির পক্ষে একেএম শফিকুল আলম কৌশলী ছিলেন।

মেহেরপুরে নিহত অটোচালক আব্দুর রহমানের ঘাতকদের ফাঁসি দাবি

মেহেরপুর জেলা অটো,ইজিবাইক মালিক ও চালক সমিতির সদস্য আব্দুর রহমানের ঘাতকদের ফাঁসির দাবিতে মানববন্ধন ও সংবাদ সম্মেলন করেছে মেহেরপুর জেলা অটো,ইজিবাইক চালক ও মালিক সমিতি।

আজ মঙ্গলবার (১৩ জুন) বেলা ১২ টার সময় হাসপাতাল রোডে সমিতির কার্যালয়ের সামনে এই মানববন্ধন ও সাংবাদিক সম্মেলন করেন তারা।

মেহেরপুর জেলা অটো ইজিবাইক মালিক চালক সমিতির সভাপতি মোঃ গোলাম মোস্তফার সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক মফলেউর রহমান পিন্টু, নিহত আব্দুর রহমানের ভাগ্নে সাইদুর রহমান সাঈদ, স্ত্রী রেহেনা খাতুন, মেয়ে রিনা খাতুন, রিতু খাতুন।

এসময় উপস্থিত ছিলেন, সিনিয়র সহসভাপতি মো পিন্টু, সহ সভাপতি মোঃ রায়হান আলী মিঠু, সহ-সাধারণ সম্পাদক আব্দুল আল মামুন রোকন, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ রিপন আলী, কোষাধ্যক্ষ মোহাম্মদ সালাউদ্দিন খোকন, লাইন সম্পাদক মোহাম্মদ আল আমিন প্রমুখ। মানববন্ধনে বক্তারা ঘাতকদের গ্রেফতার ও তাদের ফাঁসি দাবি করেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৪

মেহেরপুর পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্তসহ বিভিন্ন মামলার ৪ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ ও সিআর মামলায় ২ জনসহ ৩ জন ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ১ জন আসামি রয়েছে।

সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে সদর ও মুজিবনগর থানা পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হন।
সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশ এসব আসামি গ্রেফতার অভিযানে অংশ নেন।

মেহেরপুর সদর থানা পুলিশ ও মুজিবনগর থানা পুলিশ এই তথ্য নিশ্চিত করেছেন।

আজ মঙ্গলবার (১৩ জুন) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে গাঁজাসহ মাদক কারবারী আটক

১০০ গ্রাম গাঁজাসহ সোহান হোসেন নামের এক মাদক কারবারীকে আটক করেছে বামন্দী পুলিশ ক্যাম্প।
আটক সোহান বামন্দী পশ্চিমপাড়া এলাকার ইরফান আলীর ছেলে।
সোমবার দিবাগত মধ্যরাতে তার বাড়িতে অভিযান চালিয়ে গাঁজাসহ

সোহানকে আটক করে পুলিশ।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।
সোহানের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আজ মঙ্গলবার (১৩ জুন) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

অনলাইন জুয়ার শীর্ষ এজেন্ট মাসুদ আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর বাজারে অভিযান চালিয়ে অনলাইন জুয়ার শীর্ষ এজেন্ট মাসুদুর রহমান ওরফে মাসুদকে (৩০) গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

সোমবার সন্ধ্যায় মুজিবনগর উপজেলার কোমরপুর বাজার থেকে তাকে গ্রেফতার করা হয়। মাসুদ রহমান মেহেরপুর সদর উপজেলার বলিয়ারপুর গ্রামের মুনছের আলীর ছেলে। কোমরপুর বাজারে ওয়ালটন শো রুমের ডিলার তিনি। এছাড়াও কৃষি মেশিনারিজের একটি দোকানও রয়েছে তার।

মুজিবনগর থানার ওসি মেহেদি রাসেল জানান, অনলাইন জুয়ার বন্ধে মেহেরপুর জেলা পুলিশের তথ্যনুসন্ধান ও গ্রেফতার অভিযান চলমান। এর অংশ হিসেবে তথ্য প্রযুক্তির ব্যবহার এবং কিছুদিন আগে গ্রেফতার হওয়া এক আসামির স্বীকারোক্তিতে মাসুদ রহমানের বিষয়টি সামনে আসে। তদন্তে মাসুদ বড় আকারের একজন এজেন্ট ও অনলাইন জুয়ার মাস্টার মাইন্ড বলে নিশ্চিত হয় পুলিশ। এর প্রেক্ষিতে মাসুদ রহমানকে গ্রেফতারে অভিযান চালানো হয়। তার কাছে থেকে দুটি এ্যান্ড্রয়েড মোবাইল ফো উদ্ধার করা হয়েছে। তাকে অনলাইন জুয়ার মামলার আসামি হিসেবে মঙ্গলবার মেহেরপুর আদালতে সোপর্দ করা হবে বলে জানিয়েছেন ওসি।

ওসি আরো জানান. এর আগে গ্রেফতার হওয়া অনলাইন জুয়ার এজেন্টদের স্বীকারোক্তিতে পুলিশের সামনে আসে মাসুদ। তারপর থেকে পুলিশ মাসুদ আটক করতে বিভিন্ন ভাবে অনুসন্ধান শুরু করে।

স্থানীয় অনুসন্ধানে জানা গেছে, মাসুদুর রহমান মাসুদ এর আগে বিজিবি তে চাকরি করতেন। সেখানে চোরকারবারীর সাথে জড়িত থেকে অনেক টাকা অবৈধভাবে আয় করেন এবং বিজিবি তার চাকরি চলে যায়। সেই টাকা দিয়ে তিনি কোমরপুর বাজারে ওয়ালটন শোরুমের ডিলার নিয়ে ব্যবসা শুরু করেন। পাশাপাশি শুরু করেন অনলাইন জুয়ার ব্যবসা।

মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানে জানা গেছে, মাসুদ রহমান মাসুদ অনলাইন জুয়াড়ীদের পুলিশের হাত থেকে বাঁচানোর জন্য পুলিশের নাম করে বিভিন্ন জুয়াড়ীদের কাছে চাঁদা আদায় করেও সেই টাকা আত্মসাৎ করেন।

বিস্তারিত আগামী কালের পত্রিকায়

মুজিবনগরে বিশ্ব শিশু শ্রম প্রতিরোধ দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

“সকলের জন্য ন্যায়বিচার” “শিশুশ্রম বন্ধ করুন” এই স্লোগানে মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে, বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেলে উপজেলার ভবেরপাড়া সেন্ট জেভিয়ার জুনিয়র হাই স্কুল এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

গুড নেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি ম্যানেজার বিভব দেওয়ানের নেতৃত্বে সেন্ট জেভিয়ার জুনিয়র স্কুল প্রাঙ্গণ থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয় র্যালিটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। পরে স্কুল হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সিডিপি ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক

কর্মকর্তা সেলিম রেজা।

আলোচনা সভায় উপস্থিত থেকে দিবসটি উদযাপনের উদ্দেশ্য ও দিবসের তাৎপর্য, শিশুর সংজ্ঞা, শিশু শ্রম কাকে বলে এবং কিভাবে প্রতিরোধ করা যায়, শিশুশ্রম কিভাবে শিশুদের শারীরিক ও মানসিক ভাবে বাধাগ্রস্ত করে, শিশুশ্রম প্রতিরোধে বিদ্যালয়ের ভূমিকা, শিশুশ্রম প্রতিরোধে সরকারি বিভিন্ন উদ্যোগ, সামাজিকভাবে শিশু শ্রম প্রতিরোধে করণীয়, বিষয়ের উপর বক্তব্য রাখেন, সেন্ট জেভিয়ার জুনিয়র হাই স্কুলের প্রধান শিক্ষক সিস্টার মালতি মালো, ভবেরপাড়া ক্যাথলিক মিশনের ফাদার মিস্টার বাবুল বৈরাগী, সিডিপি এর এডমিন অফিসার অশোক মালাকার, সিডিপি এর মেডিকেল অফিসার ডঃ শুভ কুমার মজুমদার।

আলোচনা সভার শেষে অংশগ্রহণকারী শিশুদের মাঝে শিশুশ্রম প্রতিরোধ বিষয়ে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং কুইজ বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

মেহেরপুরে বিএটির উদ্যোগে বিশ্ব শিশু শ্রম প্রতিরোধ দিবসের র্যালি ও আলোচনা সভা

ব্রিটিশ আমেরিকান টোব্যাকোর উদ্যোগে বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

‘সকলের জন্য ন্যায়বিচার শিশুশ্রম বন্ধ করুন’ এই স্লোগানে সোমবার সকালে গাংনী উপজেলার নওয়াপাড়া থেকে বর্ণাঢ্য র্যালি বের হয়ে ইকো পার্কে গিয়ে শেষ হয় পরে ওখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভায় মেহেরপুর ব্রিটিশ আমেরিকান টোব্যাকোর এরিয়া ম্যানেজার এ এস এম কামালের সভাপতিত্বে আমন্ত্রিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন টেকনিক্যাল ট্রেনিং

সেন্টারের অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার, গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন ও বাংলাদেশ টেলিভিশন এর জেলা প্রতিনিধি আল আমিন।

আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন স্থানীয় রাজনৈতিক ব্যক্তিবর্গ , কৃষক ও বিভিন্ন স্তরের মানুষজন। এ সময় ৫ জন কৃষক তাদের সন্তানদেরকে উচ্চশিক্ষায় শিক্ষিত নিশ্চিত করাই তাদেরকে সম্মানী স্মারক তুলে দেওয়া হয়।

ইজিবাইক ছিনতাই করতেই চালককে হত্যা, তিনজন গ্রেফতার

ইজিবাইক ছিনতাই করতেই হত্যা করা হয় মেহেরপুরের শোলমারী গ্রামের আব্দুর রহমানকে। আর ঘটনাটা ভিন্নখাতে প্রবাহিত করা ও মিশন শেষে নিরাপদে চলে যেতে পারায় আবাসিক হোটেলটিকে বেছে নেই ছিনতাইকারীরা।

ইজিবাইক চালক আব্দুর রহমান লাশ উদ্ধারের ১২ ঘন্টার মধ্যেই দুই ঘাতককে গ্রেফতার ও ইজিবাইক উদ্ধারের ঘটনায় পুলিশের পক্ষ থেকে মেহেরপুর সদর থানায় সাংবাদিকদের সাথে প্রেসব্রিফ করে এসব কথা বলেন অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন। গ্রেফতারকৃতরা হলো, ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলাার দুদরাজপুর গ্রামের দিনবন্ধু বিশ্বাসের ছেলে বিপ্লব কুমার বিশ্বাস ও একই উপজেলার গোপালপুর গ্রামের মজদেত আলীর ছেলে রাজু শেখ ও মেহেরপুর শহরের আবাসিক হোটেল এজাজ প্লাজার মালিক ঝন্টু মিয়া।

এসময় মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ওসি সাইফুল আলম, মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও পুলিশের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
আজমল হোসেন আরও বলেন, গত শুক্রবার ইজিবাইকসহ আব্দুর রহমান নিখোঁজ হওয়ার পর তার পরিবারের পক্ষ থেকে পুলিশের স্বরণাপন্ন হয়েছিল। পুলিশের কয়েকটি টিম তখন থেকেই তথ্য প্রযুক্তি ব্যবহার করে ঘটনার মোটিভ উদ্ঘাটনের চেষ্টা করছিল। জেলা গোয়েন্দা পুলিশ

(ডিবি), সাইবারক্রাইম ইনভেস্টিগেশন সেল ও সদর থানা পুলিশ এক সাথে এই বিষয়ে কাজ করছিল।

এএসপি আজমল হোসেন বলেন, ইজিবাইক, পাখি ভ্যান বা অন্যান্য যানবাহন ছিনতাইয়ের এটি একটি বিরাট চক্র। বিভাগীয় এই চক্রের সাথে এলাকার কিছু ছিনতাইকারি জড়িত। মেহেরপুর সদর উপজেলার উজুলপুর গ্রামের আলমগীর হোসেনের ছেলে নাহিদ হোসেন এই ছিনতাইকারী চক্রের সদস্য। তাকে দিয়েই মোবাইল ফোনে ডেকে নেওয়া হয়েছে আব্দুর রহমানকে। চুয়াডাঙ্গাতে ভাড়ায় যাওয়ার নাম করে তাকে বাড়ি থেকে ডেকে নেয় নাহিদ।

এএসপি আজমল হোসেন বলেন, তথ্য প্রযুক্তির ব্যবহার করেই এই হত্যাকান্ডের মোটিভ উদঘাটন করা হয়েছে। হত্যাকান্ডের সাথে জড়িত বাকী আসামিদেরও অল্পদিনের মধ্যে গ্রেফতার করা হবে বলেও জানান তিনি।

উল্লেখ্য, গত রবিবার বিকালে মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকায় এজাজ প্লাজা নামের একটি আবাসিক হোটেল থেকে আব্দুর রহমান (৫২) গলাকাটা অর্ধগলিত লাশ উদ্ধার করে পুলিশ। এর আগে গত শুক্রবার (৯ জুন) সে বাড়ি থেকে ইজিবাইকসহ বের হন। তার পর আর ফিরে আসেনি। তার মোবাইল ফোনটিও বন্ধ ছিল। তাকে পরিবারের লোকজন সম্ভাব্য সকল স্থানে খোঁজাখুজি অব্যাহত রেখেছিল।